দৈনিক বাংলা

তারিখ 02 AUG 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

132

১৩৪

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট

রাজশাহী অফিস ।। শফিক হত্যা মামলার রায়ের প্রতিবাদে দায়েরকৃত মামলা প্রত্যাহারের ষড়যন্ত্র প্রতিহত করিবার দাবীতে

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

ইসলামী ছাত্র শিবির গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালন করে। ধর্মঘট চলাকালে প্রশাসনিক ভবনসহ সকল দপ্তরে তালা ঝুলাইয়া দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের বাস চলাচল করে নাই। ক্লাশও হয় নাই। ছাত্র শিবির ধর্মঘটের সমর্থনে ক্যাম্পাসে মিছিল ও পথ-সভা করে। কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।

জাতীয় ছাত্রদল, ছাত্র লীগ (ম-ই ও গণতান্ত্রিক ছাত্রঐক্য পৃথক পৃথকভাবে মিছিল বাহির করে। গতকাল (মংগলবার) বিকালে গণ-তান্ত্রিক ছাত্র ঐক্যের বিশ্ববিদ্যাল শাখার পক্ষ হইতে মামলা হইতে খালাসপ্রাপ্ত ১৪ জন ছাত্র-নেতাকে সম্বর্ধনা দেওয়া হয়। আইয়ুব আলী খানের সভাপতিত্বে সম্বর্ধনা সভায় রাগীব আহসান মুন্না, আব্রাহাম লিংকন, সাদাকাত হোসেন বাবুল খান, শাহীন চৌধুরী প্রমুখ বক্তৃতা দেন। ছাত্রঐক্য আজ (বৃহস্পতিবার) ক্যাম্পাসে বিজয় মিছিল ও ছাত্র জমায়েতের আয়োজন করিবে।